

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৩, ১৬২৪]

২২/ হাজ (হজ/হজ) (حماب الحج)

পরিচ্ছেদঃ ১০২৯. নবী করীম (ﷺ) তাওয়াফের সাত চক্কর পূর্ণ করে দু' রাকা'আত সালাত আদায় করেছেন। নাফি (রহঃ) বলেন, ইবন 'উমর (রাঃ) প্রতি সাত চক্কর শেষে দু' রাক'আত সালাত আদায় করতেন। ইসমা'ঈল ইবন উমাইয়া (রহঃ) বলেন, আমি যুহরীকে বললাম, 'আতা (রহঃ) বলেন, তাওয়াফের দু' রাক'আতের ক্ষেত্রে ফর্য সালাত আদায় করে নিলে তা যথেষ্ঠ হবে। তখন যুহরি (রহঃ) বললেন, রাসূলুল্লাহ (ﷺ) এর তরীকা অবলম্বন করাই উত্তম, যতবার নবী করীম (ﷺ) (তাওয়াফের) সাত চক্কর পূর্ণ করেছেন, ততবার তার পর দু' রাক'আত সালাত আদায় করেছেন।

اب صلَّى النَّبِيُّ صلى الله عليه وسلم لِسُبُوعِهِ رَكْعَتَيْنِ وَقَالَ نَافِعٌ كَانَ ابْنُ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يُصلِّي لِكُلِّ سُبُوعٍ رَكْعَتَيْنِ. وَقَالَ إِسْمَاعِيلُ بْنُ أُمَيَّةَ قُلْتُ لِلزُّهْرِيِّ إِنَّ عَطَاءً يَقُولُ تُجْزِئُهُ الْمَكْتُوبَةُ مِنْ رَكْعَتَي الطَّوَافِ. فَقَالَ السُّنَّةُ أَفْضَلُ، لَمْ يَطُفِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُبُوعًا قَطُّ إِلاَّ صَلَّى رَكْعَتَيْنِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَمْرِو، سَأَلْنَا ابْنَ عُمَرَ ـ رضى الله عنهما ـ أَيقَعُ الرَّجُلُ عَلَى امْرَأَتِهِ فِي الْعُمْرَةِ قَبْلَ أَنْ يَطُوفَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ قَالَ قَدِمَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم فَطَافَ بِالْبَيْتِ سَبْعًا، ثُمَّ صَلَّى خَلْفَ الْمَقَامِ رَكْعَتَيْنِ، وَطَافَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ، وَقَالَ (لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللّهِ أُسْوَةٌ حَسَنَةٌ). قَالَ وَسَأَلْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللّهِ ـ رضى الله عنهما ـ فَقَالَ لاَ يَقْرَبِ امْرَأَتَهُ حَتَّى يَطُوفَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ.

বাংলা

بَابُ إِذَا وَقَفَ فِي الطَّوَاف

وَقَالَ عَطَاءٌ فِيمَنْ يَطُوفُ فَتُقَامُ الصَّلاَةُ، أَوْ يُدْفَعُ عَنْ مَكَانِهِ إِذَا سَلَّمَ يَرْجِعُ إِلَى حَيْثُ قُطِعَ عَلَيْهِ. وَيُذْكَرُ نَحْوُهُ عَنِ ابْنِ عُمَرَ وَعَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُمْ



১০২৮. পরিচ্ছেদঃ তাওয়াফ শুরু কারার পর থেমে গেলে। 'আতা (রহঃ) বলেন, কেউ তাওয়াফ করার সময় সালাতের ইকামত দেওয়া হলে অথবা কাউকে তাঁর স্থানে থেকে হটিয়ে দেওয়া হলে সালামের পর ঐ স্থান থেকে তাওয়াফ আবার শুরু করবে যেখান থেকে তা বন্ধ হয়েছিল। ইবন 'উমর ও 'আবদুর রাহমান ইবন আবূ বকর (রাঃ) থেকেও অনুরূপ উল্লেখ রয়েছে।

১৫২৫। কৃতায়বা (রহঃ) ... 'আমর (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা ইবনু 'উমর (রাঃ) কে জিজ্ঞাসা করলাম, 'উমরাকারীর জন্য সাফা ও মারওয়া সা'য়ী করার পূর্বে স্ত্রী সহবাস বৈধ হবে কি? তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম মক্কায় উপনীত হয়ে সাত চক্করে বায়তুল্লাহর তাওয়াফ সমাপ্ত করে মাকামে ইবরাহীমের পিছনে দু' রাক'আত সালাত (নামায/নামাজ) আদায় করেন, তারপর সাফা ও মারওয়া সা'য়ী করেন। এরপর ইবনু 'উমর (রাঃ) তিলাওয়াত করেন, "তোমাদের জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর মধ্যে উত্তম আদর্শ রয়েছে।" (রাবী) 'আমর (রহঃ) বলেন, আমি জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) কে জিজ্ঞাসা করলে তিনি বললেন, সাফা ও মারওয়া সা'য়ী করার পূর্বে স্ত্রী সহবাস বৈধ নয়।

English

Narrated `Amr:

We asked Ibn `Umar: "May a man have sexual relations with his wife during the Umra before performing Tawaf between Safa and Marwa?" He said, "Allah's Messenger () arrived (in Mecca) and circumambulated the Ka`ba seven times, then offered two rak`at behind Maqam Ibrahim (the station of Abraham), then performed Tawaf between Safa and Marwa." Ibn `Umar added, "Verily! In Allah's Apostle you have a good example." And I asked Jabir bin `Abdullah (the same question), and he replied, "You should not go near your wives (have sexual relations) till you have finished Tawaf between Safa and Marwa."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু দ্বীনার (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন